

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৮৩০
৩১/ হৃদয়-গলানো উপদেশ
পরিচ্ছেদঃ মহানবী (ﷺ) ও তাঁর সাহাবাগণের অভাবের-জীবন

## আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ أَنَّ رَجُلًا أَتَى النَّبِيَّ عَلَيْ فَبَعَثَ إِلَى نِسَائِهِ فَقُلْنَ مَا مَعَنَا إِلَّا الْمَاءُ فَقَالَ رَسُوْلُ اللهِ عَلَيْ مَنْ يَضُمُّ أَوْ يُضِيفُ هٰذَا فَقَالَ رَجُلٌ مِنْ الْأَنْصَارِ أَنَا فَانْطَلَقَ بِهِ إِلَى امْرَأَتِهِ فَقَالَ أَكْرِمِي ضَيْفَ رَسُولِ اللهِ عَلَيْ فَقَالَتْ مَا عِنْدَنَا إِلَّا قُوتُ صِبْيَانِي بِهِ إِلَى امْرَأَتِهِ فَقَالَ أَكْرِمِي ضَيْفَ رَسُولِ اللهِ عَلَيْ فَقَالَتْ مَا عِنْدَنَا إِلَّا قُوتُ صِبْيَانِي فَقَالَ هَيّئِي طَعَامَكِ وَأَصْبِحِي سِرَاجَكِ وَنَوّمِي صَبْيَانَكِ إِذَا أَرَادُوا عَشَاءً فَهَيَّأَتْ طَعَامَهَا فَقَالَ هَيّئِي طَعَامَكُ وَأَصْبِحِي سِرَاجَكِ وَنَوّمِي صَبْيَانَكِ إِذَا أَرَادُوا عَشَاءً فَهَيَّأَتْ طَعَامَهَا وَأَصْبِحِي سِرَاجَهَا وَنَوّمَتْ صِبْيَانَهَا أُمَّ قَامَتْ كَأَنَّهَا تُصْلِحُ سِرَاجَهَا فَأَطْفَأَتْهُ فَجَعَلَا وَأَصْبَحَتْ سِرَاجَهَا وَنَوَّمَتْ صِبْيَانَهَا أُمَّ قَامَتْ كَأَنَّهَا تُصْلِحُ سِرَاجَهَا فَأَطْفَأَتْهُ فَجَعَلَا يُرِيانِهِ أَنَّهُمَا يَأْكُلُانِ فَبَاتَا طَاوِيَيْنِ فَلَمَّا أَصْبَحَ غَدَا إِلٰى رَسُولِ اللهِ عَلِي فَقَالَ ضَحِكَ اللهُ يُلِي فَقَالَ ضَحِبَ مِنْ فَعَالِكُمَا فَأَنْزَلَ اللهُ وَيُوثِرُونَ عَلَى أَنْفُسِهِمْ وَلَوْ كَانَ بِهِمْ خَصَاصَةٌ وَمَنْ يُوقَ شُحَ نَفْسِهِ فَأُولَئِكَ هُمُ الْمُفْلِحُونَ

## বাংলা

(৩৮৩০) আবৃ হুরাইরা (রাঃ) কর্তৃক বর্ণিত, এক ব্যক্তি রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বলল, 'আমি বড়ই ক্ষুধার্ত।' তিনি তাঁর কোন এক স্ত্রীর কাছে লোক পাঠালে তিনি বললেন, 'যে সন্তা আপনাকে সত্য দ্বীন দিয়ে প্রেরণ করেছেন তাঁর শপথ! আমার কাছে পানি ছাড়া কিছুই নেই।' তিনি অন্য এক স্ত্রীর কাছে লোক পাঠালে তিনিও একই কথা বললেন। এইভাবে সকল স্ত্রী এই কথাই বললেন যে, 'সেই সন্তার শপথ! যিনি আপনাকে সত্য দ্বীনসহ প্রেরণ করেছেন, আমার নিকট পানি ছাড়া অন্য কিছুই নেই।' তখন তিনি বললেন, 'আজ রাতে লোকটির মেহমানদারী কে করবে? আল্লাহ তার প্রতি রহম করবেন।'' এক আনসারী ব্যক্তি উঠে বলল, 'হে আল্লাহর রাসূল! আমি (এর মেহমানদারী করব)।' অতঃপর সে লোকটিকে নিয়ে স্বীয় বাড়ীর দিকে রওনা দিল এবং তার স্ত্রীকে বলল, 'তোমার কাছে কিছু আছে কি?' সে বলল, 'না। কেবল বাচ্চাদের জন্য সামান্য কিছু খাবার আছে।'

সাহাবী বললেন, 'তাদের (বাচ্চাদের) কিছু দিয়ে ভুলিয়ে রাখ।' (অপর এক বর্ণনায় এসেছে যে, 'বাচ্চাদের ভুলিয়ে ঘুম পাড়িয়ে দাও।) আর যখন মেহমান প্রবেশ করবে, তখন তুমি আলোটা কমিয়ে দেবে। তুমি তাকে দেখাবে যে, আমরাও আহার করছি। তারপর সে যখন খাওয়ার শুরু করবে, তখন তুমি আলোর কাছে গিয়ে সেটাকে একেবারে



নিভিয়ে দেবে।' বর্ণনাকারী বলেন, এরপর তাঁরা বসেই রইলেন, আর মেহমান খেতে লাগল। সকাল বেলা তিনি (আনসারী) নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট আসলে তিনি বললেন, ''আজ রাতে মেহমানের সাথে তোমাদের দু'জনের আচরণে আল্লাহ হেসেছেন অথবা বিস্মিত হয়েছেন এবং তিনি এই আয়াত নাযিল করেছেন, 'নিজেরা অভাবগ্রস্ত হলেও তারা (অন্যদেরকে) নিজেদের উপর প্রাধান্য দেয়। আর যাদেরকে নিজ আত্মার কার্পণ্য হতে মুক্ত রাখা হয়েছে, তারাই সফলকাম।

## ফুটনোট

(বুখারী ৩৭৯৮, ৪৮৮৯, মুসলিম ৫৪৮০-৫৪৮১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন